

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮৩

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ নিষিদ্ধ কাজটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য খাছ ছিল না; বরং এটি তাঁর ও উম্মত; সবার জন্যই খাছ ছিল

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ إِبَاحَةَ هَذَا الْفِعْلِ الْمَزْجُورِ عَنْهُ لَمْ يَكُنِ الْمُصْطَفَى صلى الله عليه وسلم مَخْصُوصًا بِهِ دُونَ أُمَّتِهِ وَإِنَّمَا هِيَ إِباحةٌ لَهُ وَلَهُمْ

আরবী

3483 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّد بْنِ أَبِي مَعْشَر بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبِ بْنِ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنْيْسَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَعْمَر بْنِ حَزْمٍ الْأَنْصَارِيِّ عَنْ أَبِي يُونُسَ ـ مَوْلَى عَائِشَةَ ـ عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فقال: يارسول اللَّهِ! عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فقال: يارسول اللَّهِ! يُدْرِكُني الصَّبْحُ وَأَنَا جُنُبٌ أَفَأَصَهُم يَوْمِي ذَلِكَ؟ فسمعت النَّبِيَّ صلى الله عليه وسلم يقول: (ربما أدركني الصبح وأنا جُنُبٌ فأقوم وَأَغْتَسِلُ وأُصلِّي الصَّبْحَ وَأَصمُومُ يَوْمِي نَلِكَ؟ فسمعت النَّبِيُّ صلى الله عليه وسلم نَوْمِي يقول: (ربما أدركني الصبح وأنا جُنُبٌ فأقوم وَأَغْتَسِلُ وأُصلِّي الصَّبْحَ وَأَصمُومُ يَوْمِي نَوْلِكَ) فَقَالَ الرَّجُلُ: إِنَّكَ لَسْتَ مِثْلُنَا إِنَّكَ قَدْ غَفَرَ اللَّهُ لَكَ مَا تقدَّم مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (إِنِي أَرْجُو أَنْ أَكُونَ أَخْشَاكُمْ لِلَّهِ وأَعْلَمَكُمْ بما أَتَّقي) فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: (إِنِي أَرْجُو أَنْ أَكُونَ أَخْشَاكُمْ لِلَّهِ وأَعْلَمَكُمْ بما أَتَّقي) الراوي: عائشة ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3483 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2067): م.

قَالَ أَبُو حَاتِمٍ فِي قَوْلِهِ صلى الله عليه وسلم: ((إِنِّي أَرْجُو))؛ دَلِيلٌ عَلَى إِبَاحَةِ رَجَاءِ الْإِنسَانِ فِي الشَّيْءِ الَّذِي لَا يُشَكُّ فِيهِ بِالْقَوْلِ وَفِيهِ دَلِيلٌ عَلَى إِبَاحَةِ الِاسْتِثْنَاءِ فِي الْإِيمَانِ عَلَى السَّبِيلِ الَّذِي وَصَفْنَاهُ فِي أَوَّلِ الْكِتَابِ.

বাংলা



৩৪৮৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার জুনুবী অবস্থায় ভোর হয়ে যায়, আমি কি সেদিন সিয়াম রাখতে পারবাে? তখন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "আমারাে কোন কোন সময় জুনুবী অবস্থায় ভোর হয়ে যায়, তারপর আমি উঠে গিয়ে গোসল করি, ফজরের সালাত আদায় করি এবং সেদিন সিয়াম রাখি।" তখন সেই ব্যক্তি বলেন, "নিশ্চয়ই আপনি তাে আমাদের মতাে না। আল্লাহ আপনার পুর্বাপর সমস্ত গােনাহ ক্ষমা করে দিয়েছেন। তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই আমি আশা করি যে, আমি তােমাদের মাঝে সবচেয়ে বেশি আল্লাহকে ভয় করি এবং আল্লাহকে ভয় করার ব্যাপারে তােমাদের মাঝে সবচেয়ে বেশি অবগত।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "নিশ্চয়ই আমি আশাবাদী" এখানে এই ব্যাপারে দলীল রয়েছে যে, সন্দেহাতীত বিষয়েও আশাব্যঞ্জক শব্দ ব্যবহার করা বৈধ। এখানে আরো দলীল রয়েছে যে, ঈমানের ক্ষেত্রেও ইনশাআল্লাহ শব্দ বলা যায়, যা আমরা এই কিতাবের শুরুতে বর্ণনা করেছি।"

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/২৮৯; মুসনাদ আহমাদ: ৬/৬৭; ইমাম শাফেঈ: ১/২৫৮; আবূ দাউদ: ২৩৮৯; তাহাবী, শারহু মাআনিল আসার: ২/১০৬; সুনান বাইহাকী: ৪/২১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন